গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

## নোটিশ

### :- পবিত্র ঈদ-উল আযহা/২০২১ উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি :-

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং ৪৬,০৪১.০৩০.০২.০০০.০২.২০১১.৮৭০ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১১, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং ৪৬.০০.০০০০.০৪১.০৩১.০৩৯.১৩.২৪৫ তারিখ: ০৪ আগস্ট ২০১৬ এবং জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীর পত্র নং ০৫.৩০.৬৮০০.১০৯.০৪.০০৯.০৮-৩৬৪ তারিখ: ১৪ জুলাই ২০২১ মোতাবেক নরসিংদী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত অস্থায়ী পশুর হাটগুলো ইজারার জন্য নিম্নোক্ত ও প্রচলিত শর্তে এবং সীলমোহরকৃত খামে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। তবে শর্ত থাকে যে, যানবাহন চলাচলকারী সড়কের উপরে পশুর হাট বসিয়ে যানজন সৃষ্টি করা যাবে না। দরপত্রসমূহ নিম্নলিখিত তারিখে নির্ধারিত সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ নিম্নলিখিত তারিখ মোতাবেক ক্রয় ও দাখিল করা যাবে। দরপত্রে উল্লিখিত দরের অর্থের ৩০% টাকা জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদীর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে। যার দরপত্র গ্রহণ করা হবে তাকে দরপত্র গ্রহণের সাথে সাথে অবশিষ্ট ৭০% টাকা পরিশোধ করতে হবে। ইজারার মূল্যের উপর ৫% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট অতিরিক্ত হিসেবে প্রদান করতে হবে। দরপত্রে কোন প্রকার ঘষামাজা বা অভাররাইটিং করা যাবে না। দরদাতাগণকে বর্ণিত হাটের অবস্থা সম্পর্কে দরপত্র দাখিলের পূর্বেই অবহিত হওয়ার জন্য বলা হলো। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্রের মূল্য অফেরতযোগ্য। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং www.narsingdisadar.narsingdi.gov.bd ওয়েব সাইটে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

অস্থায়ী পশুর হাটের তালিকা:

| ক্র | অস্থায়ী হাট-বাজারের নাম | সিডিউল মূল্য |
|---|---|---|
| ১ | বালাপুর বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট। | ৫০০/- |
| ২ | আমদিয়া বাজার অস্থায়ী পশুর হাট। | ৫০০/- |
| ৩ | নুরালাপুর ইউনিয়ন সংলগ্ন অস্থায়ী পশুর হাট। | ৫০০/- |
| ৪ | নেহাব বাজার সংলগ্ন মজুরের চালা মাঠে অস্থায়ী পশুর হাট। | ৫০০/- |

দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের বিবরণী:

| দরপত্র আহবানের দফা | সিডিউল ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৫ জুলাই ২০২১ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত | ১৫ জুলাই ২০২১ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত | ১৫ জুলাই ২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা |
| ২য় পর্যায় (১ম পর্যায়ে ইজারা না হলে) | ১৬ জুলাই ২০২১ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত | ১৬ জুলাই ২০২১ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত | ১৬ জুলাই ২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা |

শর্তসমূহ:

১। কোন দরপত্র ক্রেতা দুইটি অস্থায়ী বাজারের দরপত্র ক্রয় করতে চাইলে প্রতিটি বাজারের জন্য পৃথক দরপত্র ক্রয় করতে হবে।

২। হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে পশুর হাট বসানো যাবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পরে অস্থায়ী হাটের কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৩। সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারী চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে।

৪। হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বদ্ধ জায়গায় হাট বসানো যাবে না।

৫। ইজারদার নিজ দায়িত্বে হাটের শৃঙ্খলা এবং হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। জাল টাকা প্রতিরোধের ব্যবস্থা গ্রহণে ব্যাংক প্রতিনিধি ও ভেটেরিনারী সার্জন/প্রাণী সম্পদ বিভাগের সংশ্লিষ্ট লোকজনের বসার জন্য বুথ স্থাপনের ব্যবস্থা করবেন এবং কন্ট্রোলরুম স্থাপন করবেন।

৬। অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে। কোনভাবে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

৭। জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়ক হতে কমপক্ষে ৫০০ ফুট দূরে এবং অন্যান্য সড়ক হতে কমপক্ষে ৩০০ ফুট দূরে হাট বসাতে হবে। রাস্তার উপরে হাট বসিয়ে কোনভাবেই রাস্তা বন্ধ করা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

৮। হাটের প্রবেশপথে ডিসইনফেকশন টানেল স্থাপন করতে হবে।

৯। হাটের প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে ক্রেতা-বিক্রেতাগণের শরীরের তাপমাত্রা পরিক্ষা করে প্রবেশ নিশ্চিত করতে হবে।

১০। হাটের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক হ্যান্ড স্যানিটাইজার ও হাত ধোয়ার বেসিন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। হাটে প্রবেশকারী সকলকে (সার্জিক্যাল মাস্ক বা তিন স্তর কাপড়ের মাস্ক যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) অবশ্যই ব্যবহার নিশ্চিত করতে হবে।

১২। হাটে ক্রয়-বিক্রয়ের সময় ক্রেতা-বিক্রেতার ন্যূনতম শারিরীক দূরত্ব ৩ ফুট এবং পাশাপাশি পশুর ন্যূনতম দূরত্ব ১০ ফুট বজায় রাখতে হবে।

১৩। অস্থায়ী পশুর হাটের নির্ধারিত স্থানে ক্রয়-বিক্রয়ের পূর্বে শতভাগ জীবানুনাশক স্প্রে দিয়ে জীবানুমুক্ত করতে হবে।

১৪। প্রতিটি পশুর সাথে সর্বোচ্চ ২ জন ব্যক্তি অবস্থান করতে পারবে।
১৫। মাইকের মাধ্যমে পশুর হাটে অবস্থানকারীদের মাঝে স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য প্রচারনার ব্যবস্থা করতে হবে।
১৬। কোভিড-১৯ প্রতিরোধে সরকারের বিভিন্ন সময়ের জারীকৃত সাধারণ নির্দেশনাসমূহসহ অন্যান্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে পশুর হাট বসাতে হবে।
১৭। আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোনক্রমেই বাজার বসানো যাবে না।

১৪.০৭.২০২১
মোঃ মেহেদী মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ+৮৮০২-৯৪৬২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৬৮৬০.০০০.৫০.০০১.২১-৬০৮

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে**

১। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
২। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী

**নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী
২। উপজেলা...............................................কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
৩। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যপক প্রচারের অনুরোধ করা হলো)
৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,......................................... ইউনিয়ন/পৌর ভূমি অফিস, নরসিংদী সদর, নরসিংদী। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যপক প্রচারের অনুরোধ করা হলো)
৫। সভাপতি/সেক্রেটারী/ইজারাদার,...........................................................................................বাজার, নরসিংদী সদর, নরসিংদী
৬। নোটিশ বোর্ড
৭। অফিস কপি

১৪.০৭.২০২১
মোঃ মেহেদী মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ+৮৮০২-৯৪৬২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov.bd